উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

## বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৬/০৩/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ আকবর হোসেন হিরো, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভাপতিত্বে স্বাস্থ্য বিধি ও সামাজিক দুরত্ব বজায় রেখে মার্চ'২০২২ খ্রিঃ-এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। গণশুনানী কার্যক্রম প্রসঙ্গে পর্যালোচনা।
৪। বিবিধ।

08/03/22

(অমিত চক্রবর্ত্তী)
মুখ্য নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৪.০৫৯.২২-১৪৬ তারিখ ঃ ২৩ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ / ০৮ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৬। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। ..........................................................................
চর রাজিবপুর, কুড়িগ্রাম ।
০৯। অফিস কপি।

08/03/22

উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম

## উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর মার্চ'২০২২ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

**সভাপতি** ঃ জনাব মোঃ আকবর হোসেন হিরো
উপজেলা পরিষদ চেয়ারম্যান
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ১৬ মার্চ ২০২২ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১১.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত ফেব্রুয়ারী'২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় ফেব্রুয়ারী'২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা প্রাণিসম্পদ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২১-২২ অর্থ বছরে রবি মৌসুমে অত্র উপজেলায় ২৪৫০ হেঃ বোরো ধান, ২১৯০ হেঃ ভুট্টা, ১৪৫০ হেঃ গম ও ১৩২৫ হেঃ জমিতে সরিষা আবাদ হয়েছে। ফসলের বর্তমান অবস্থা ভাল। সার ও অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। । | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর |
| ০৩ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। । | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |
| ০৪ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ২০২১-২০২২ইং অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় ইউনিয়ন পরিষদ ও বিভিন্ন প্রতিষ্ঠান হইতে যে সকল প্রকল্প পাওয়া যায়, উক্ত প্রকল্প যাচাই-বাছাই অন্তে নিম্নবর্ণিত অধিকতর গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়নের জন্য যাচাই-বাছাই অন্তে সঠিকতা পাওয়া যায় এবং প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। ২০২১-২০২২ ইং অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় দরপত্র আহবানের মাধ্যমে প্রাপ্ত প্রকল্পগুলী e-GP এর মাধ্যমে দরপত্র আহবান করা হবে এবং প্রকল্পগুলী বাস্তবায়নের নিমিত্তে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুয়াযী উপজেলা প্রকৌশলীর দপ্তরেজরিপ ও উন্নয়নমূলক কাজ তদারকী | ১। ২০২১-২০২২ ইং অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় বাছাইকৃত সকল স্কীম বিধি মোতাবেক দ্রুত বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবনের নির্ধারিত স্থানে অবস্থিত কৃষি দপ্তরের নার্সারী দ্রুত অপসারণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।<br>৩। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ব্যয় ১% ও আনুষাঙ্গিক ব্যয় ০.৫% ধরা হয়েছে। দরপত্র আহবানের বিজ্ঞাপন ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে প্রদান করা হবে।<br>২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) এর আওতায় যাচাই-বাছাই অন্তে বাস্তবায়নযোগ্য চুড়ান্ত প্রকল্পসমূহ নিম্নরুপঃ<br><u>টেন্ডার প্রকল্প ঃ</u><br>১। মোস্তান মোড় হতে মসজিদ পর্যন্ত আরসিসি রাস্তাসংষ্কার করণ-৬,৫০,০০০/- (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।<br>২। নয়ার চর বালিকা বিদ্যালয়ে সিমানা প্রাচীর নির্মাণ-৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা।<br>৩। রাজিবপুর বালিকা উচ্চ বিদ্যালায়ে গ্রিল ও দরজা-জনালা মেরামত করণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>৪। জাউনিয়ার চর উচ্চ বিদ্যালয়ে আইপিএস ও সিসি ক্যামেরা ক্রয়-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসে এবং উপজেলা প্রাণী সম্পদ অফিসে ভ্যাকসিন সরবরাহ করণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>৬। ধূলাউরি শাহাবুদ্দিনের বাড়ি হতে আলম চেয়ারম্যনের বাড়ি পর্যন্ত সিসি রাস্তা মেরামত করণ-৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।<br>৭। তিনথোপা পাড়া বুদ্ধী প্রতিবন্ধী স্কুল হইতে দক্ষিণ দিকে হাবিব এর দোকান পর্যন্ত রাস্তা এইচবিবি করণ-৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা।<br>৮। শিবেরডাংগী মোঃ সুজার আলীর বাড়ী হতে পূর্ব দিকে মোঃ আছির উদ্দিন মাষ্টার এর বাড়ী পর্যন্ত আরসিসি রাস্তা পাকা করণ-৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা।<br>৯। মরিচাকান্দি বেলাল হোসেনের বাড়ী হইতে পূর্ব দিকে নুরমোহাম্মাদ এর বাড়ী পর্যন্ত আরসিসি করণ-৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা।<br>১০। চর রাজিবপুর মন্ডল পাড়া নুর উদ্দিনের বাড়ী হইতে উত্তর দিকে মসজিদ পর্যন্তএইচবিবি করণ-৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা।<br>১১। বড়াইডাংগী আনছারের বাড়ী হতে মসজিদ পর্যন্ত আরসিসি করণ-৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা।<br>১২। কলেজ পাড়া বক্কারের বাড়ী হতে ইদ্রিস আলীর বাড়ী পর্যন্ত রাস্তার পার্শ্বে গাইড ওয়াল নির্মাণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>১৩। ধুলাউড়ি (ধুবালিয়া পাড়া) মসজিদের পার্শ্বে রাস্তায় গাইড ওয়াল নির্মাণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>১৪। শংকর মাধবপুর উচ্চ বিদ্যালয়ের ঘর নির্মাণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br>১৫। কোদালকাটি ইউনিয়নের ০৫নং ওয়ার্ডে জেলাল এর বাড়ীর পূর্ব পার্শ্বের রাস্তায় গাইড ওয়াল নির্মাণ-৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।<br>১৬। কোদালকাটি ইউনিয়নের ০৪নং ওয়ার্ডে ইউসুফ এর বাড়ীর রাস্তায় স্লোপ ড্রেণ নির্মাণ-১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>১৭। কোদালকাটি ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে সাজাই ওয়াজেদের বাড়ীর বাঁধের রাস্তায় গাইড ওয়াল নির্মাণ-৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা।<br>১৮। রাজিবপুর পাইলট উচ্চ বিদ্যালয়ের মাঠে পানি নিষ্কাশনের জন্য ড্রেণ নির্মাণ-২,০০,০০০/- (দুই লক্ষ) | গৃহীত হয়। | |

টাকা।

১৯। কোদালকাটি ইউনিয়ন পরিষদের পূর্ব পার্শ্বের পুকুরে স্লোপ ড্রেণ নির্মাণ-১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।

২০। ০২নং ওয়ার্ডের কির্তনিয়াটারী বাজারের পশ্চিম পার্শ্বে রিং কালভার্ট নির্মাণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

২১। চর নেওয়াজি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পূর্ব পার্শ্বে গাইড ওয়াল নির্মা-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

২২। ০৭ নং ওয়ার্ডে কলকিহারা মসজিদের সামনে গাইড ওয়াল নির্মা-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

২৩। নয়াচর ফাজিল মাদ্রাসা হতে পূর্ব দিকে হাজির মোড় পর্যন্ত রাস্তা এইচবিবি করণ-৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।

**পিআইসি কমিটির প্রকল্প :**

নিম্নবর্ণিত ০১-০৩ নং পর্যন্ত তিনটি প্রকল্প উপজেলা পরিষদের অক্টোবর/২০২১ মাসের সভার সিদ্ধান্ত মোতাবেক কাজ বাস্তবায়ন করা হয়েছে। যাহা পরবর্তীতে এডিপি যাচাই-বাছাই কমিটির সভায় চুড়ান্তভাবে অনুমোদিত হয়।

১। উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মূর‌্যাল এর চারিপার্শ্বে রেলিং, টাইলস ও এস এস পাইপ দ্বারা উন্নয়ন করণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

২। উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এরমূর‌্যাল এর প্লাটফর্মে টাইলস ও সিসি রাস্তা নির্মাণ-১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।

৩। আনসার ভিডিপি ব্যারাক ভবনের অতিরিক্ত সম্প্রসারণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

৪। আনসার ভিডিপি ব্যারাকের রাস্তা সিসি দ্বারা উন্নয়ন করণ ও বারান্দার গ্রিল সরবরাহ করণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

৫। রাজিবপুর উপজেলার দুঃস্থ জনগনের মাঝে বিনামূল্যে নলকূপ সরবরাহ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

৬। রাজিবপুর ইউনিয়নে দুঃস্থ জনগনের মাঝে বিনামূল্যে স্প্রে মেশিন সরবরাহ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

৭। রাজিবপুর ইউনিয়নে দুঃস্থ জনগনের মাঝে বিনামূল্যে নলকূপ সরবরাহ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

৮। কোদালকাটি ইউনিয়নে দুঃস্থ জনগনের মাঝে বিনামূল্যে নলকূপ সরবরাহ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

৯। কোদালকাটি ইউনিয়নের ০৩নং ওয়ার্ডে পাইকান্টারী পাড়া সহিদুলের বাড়ী হইতে দক্ষিণ দিকে জহুরুদ্দিনের বাড়ী পর্যন্ত রাস্তার রিং কালভার্ট নির্মাণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

১০। মোহনগঞ্জ ইউনিয়নে দুঃস্থ জনগনের মাঝে বিনামূল্যে স্প্রে মেশিন সরবরাহ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

১১। মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদে স্বাস্থ্যসম্মত টয়লেট নির্মাণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

১২। চর সাজাই দাখিল মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ করণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

১৩। মোহনগঞ্জ ইউনিয়নে দুঃস্থ জনগনের মাঝে বিনামূল্যে নলকূপ সরবরাহ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

১৪। রাজিবপুর উপজেলায় অফিসার্স ক্লাবে বাদ্যযন্ত্র সরবরাহ করণ-২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

১৫। নয়ারচর শংকরপুর পাড়া ঈদগাহ মাঠ হতে ওয়াহাব মন্ডলের পুকুরের ধারে গাইড ওয়াল নির্মাণ-২,০০,০০০/-

| | | | | |
|---|---|---|---|---|
| | | (দুই লক্ষ) টাকা। উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ উদ্বোধন হবে। বিধায়, উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের নির্ধারিত স্থানে অবস্থিত কৃষি দপ্তরের নার্সারী দ্রুত অপসারণের জন্য অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের যে সমস্ত নলকুপের গভীরতা কম সেগুলোর পানি পরীক্ষায় মাত্রাতিরিক্ত আর্সেনিক পাওয়া যাচ্ছে। ফলে রাজিবপুর উপজেলায় গভীর নলকূপ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রশাসনের মাধ্যমে জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। । | উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর |
| ০৬ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, নিয়মিত চিকিৎসা সেবা প্রদানের পাশাপাশি অন্যান্য কার্যক্রম স্বেচ্ছায় রক্তদান, পরিবার পরিকল্পনা পরামর্শ প্রদান, টিকাদান কর্মসুচি এবং সকল সরকারি প্রোগ্রামে অংশ গ্রহণ ও দিবসমূহ পালন করা হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রমসহ সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম |
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রমসহ সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার'র প্রতিনিধি সভায় জানা যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গত ২০২০-২১ অর্থ বছরে শতভাগ বয়স্ক ভাতার আবেদন চলছে। ঋণ কার্যক্রম চালু রয়েছে এবং ভাতা ভোগীদের পেরোল পাঠানো হচ্ছে। এছাড়াও প্রতিবন্ধী ব্যক্তিদের যাচাই-বাছাই করে ভাতা প্রদান করা হচ্ছে। উপজেলা সমাজকল্যাণ পরিষদ থেকে নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্থ ও দুঃস্থ, অসহায়, ব্যক্তিদের নগদ টাকা বিতরণ করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে বিভাগীয় কার্যক্রমসহ সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকতা, চর রাজিবপুর |
| ১০ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। সরকারী নির্দেশনা মোতাবেক বিদ্যালয়সমূহে ক্লাস চলামান। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। ভিজিডি বিতরণ ও আইজিএ প্রশিক্ষণের অনলাইন আবেদন চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা যুব উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা যুব উন্নয়ন অফিসার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, চর রাজিবপুর দপ্তর কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রকল্প কর্মসুচির কাজ চলমান রয়েছে। গত মাসে বকেয়া ঋণ আদায়ের পরিমাণ =২,০৭,৬৩০/- টাকা এবং চলতি ঋণ আদায় হয়েছে =১৮,৯০০/- টাকা। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | পরিবেশ ও বন বিভাগ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২০-২১ অর্থ বছর হতে উন্নয়নমূলক কাজের কোন প্রকার বরাদ্দ নাই। শুধুমাত্র নার্সারীতে মজুদ চারা বিক্রয় করা হইতেছে। ২০২১-২২ অর্থ বছরে কোন প্রকল্প এখন পর্যন্ত পাওয়া যায় নাই। নার্সারীতে বিদ্যমান চারা পরিচর্যা, চারা বিক্রয় কাজ চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান গত ১৫ মার্চ থেকে সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাভাবিক পাঠদান কার্যক্রম শুরু হয়। উপজেলা ILC ল্যাবে (পাইলট উচ্চ বিদ্যালয়ে) অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের অন-লাইনে বিষয় ভিত্তিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। ৫০তম শীতকালীন খেলাধুলা অনুষ্ঠিত হয়। নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের উপবৃত্তির তালিকাভূক্তি কাজ চলমান আছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | পরিষদের রাজস্ব তহবিল | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক মার্চ/২০২২ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক প্রয়োজনীয় ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের মার্চ/২০২২ খ্রিঃ মাসের সম্মানী =৯৯,০০০/- (নিরানব্বই) হাজার টাকা।<br>০২। (ক) মার্চ/২০২২ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০৩। মার্চ/২০২২ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, এ্যারোসল, হারপিক, ক্যালকুলেটর ইত্যাদি) ক্রয় বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৪। মার্চ/২০২২ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয়-১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৫। মার্চ/২০২২ খ্রিঃ মাসে ০১(এক) জন মালি'র দৈনিক মজুরী (৫০০×২২ দিন) =১১,০০০/- (এগার হাজার) টাকা।<br>০৬। মার্চ/২০২২ খ্রিঃ মাসের ০১(এক) জন সুইপারের দৈনিক মজুরী (৫০০×২২ দিন) =১১,০০০/- (এগার হাজার) টাকা।<br>০৭। উপজেলা পরিষদের জীপ গাড়ির মার্চ/২০২২ জ্বালানী ব্যয় =২৫,০০০/- ( পঁচিশ হাজার) টাকা। | ০১। মার্চ/২০২২ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসুচি বাস্তবায়নে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে =১,২৫,০০০/- (এক লক্ষ পচিশ হাজার) টাকা ব্যয় করার জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান,চর রাজিবপুর<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৮। ১৪২৯ বঙ্গাব্দের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি দৈনিক ইত্তেফাক পত্রিকার প্রকাশনা ব্যয় =৬২,১০০/- (বাষট্টি হাজার একশত) টাকা।<br>০৯। ১৪২৯ বঙ্গাব্দের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি দৈনিক যুগের আলো পত্রিকার প্রকাশনা ব্যয় =৪২,৮৪০/- (বিয়াল্লিশ হাজার আটশত চল্লিশ) টাকা।<br>১০। ১৪২৯ বঙ্গাব্দের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি দৈনিক চারিদিকে প্রতিদিন পত্রিকার প্রকাশনা ব্যয় =১৭,৪৮০/- (সতের হাজার চারশত আশি) টাকা।<br>১১। ১৪২৯ বঙ্গাব্দের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি দৈনিক কালের কণ্ঠ পত্রিকার প্রকাশনা ব্যয় =৩১,০৫০/- (একত্রিশ হাজার পঞ্চাশ) টাকা।<br>১২। ১৪২৯ বঙ্গাব্দের হাট-বাজার ইজারা সংক্রান্ত আনুষাঙ্গিক =২০,৭০০/- (বিশ হাজার সাতশত) টাকা মাত্র।<br>১৩। মার্চ/২০২২ খ্রিঃ মাসে উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত বাবদ ব্যয় =৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা।<br>১৪। ২০২১-২২ অর্থ বছরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও রং করণ(অংশ-১) কাজের ১ম বিল =১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>১৫। ২০২১-২২ অর্থ বছরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও পশ্চিম পার্শ্বে বাউন্ডারী ওয়াল মেরামত ও রংকরণ (অংশ-২) কাজের ১ম বিল =১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>১৬। ২০২১-২২ অর্থ বছরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে চিলারুটি মেরামত, পানির লাইন সংস্কার, গিজার ও পানির ট্যাংক স্থাপন (অংশ-৩) কাজের ১ম বিল =১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>১৭। ২০২১-২২ অর্থ বছরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের উত্তর, পুর্ব ও সামনের বাউন্ডারী ওয়াল ও জীপ গাড়ি গ্যারেজ মেরামত ও রং করণ (অংশ-৪) কাজের ১ম বিল =১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>১৮। ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদের ০৬ নং কোয়ার্টার মেরামত ও রং করণ কাজের ১ম বিল =১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।<br>১৯। স্থানীয় সরকার বিভাগ(উপজেলা-২ শাখা), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ০৮/০৩/২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৯৩.২২-১৪৬ নং স্মারক পত্র মোতাবেক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ (২৬ মার্চ ২০২২) যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য ২০২১-২২ অর্থ বছরে বর্ণাঢ্য ও জাঁকজমকপুর্ণভাবে উদযাপনের জন্য কর্মসুচি বাস্তবায়নের লক্ষ্যে =১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। এমতাবস্থায়, উক্ত বরাদ্দ অর্থ =১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে =২৫,০০০/- (পচিশ হাজার) সর্বমোট =১,২৫,০০০/- (এক লক্ষ পচিশ হাজার) টাকা ২৬ মার্চ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস'২০২২ উদযাপন উপলক্ষ্যে ব্যয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান সভায় উপস্থিত না থাকায় উপজেলা খাদ্য অধিদপ্তর সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'কে আগামী সভায় উপস্থত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর |
| ১৮ (২) | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অলিম্পিকয়াড কৌশল প্রয়োগ করে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ (গণিত) ২টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৩) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় জানান যে, রাজিবপুর ইউপি'র দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২১-২২ অর্থ বছরে রাজিবপুর ইউনিয়ন পরিষদ ভবনের দরজা, জানালা, বাউন্ডারী ওয়াল, টয়লেট মেরামত ও পানির লাইন সংস্কার কাজ করা জরুরী প্রয়োজন। ইউনিয়ন পরিষদে নামাজের ঘর নির্মাণ করা প্রয়োজন। ইউনিয়ন পরিষদের সামনের রাস্তা মেরামত করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরও জানান অত্র ইউনিয়নাধীন ১-৯ নং ওয়ার্ডের বিভিন্ন রাস্তা মেরামত করা প্রয়োজন। অত্র ইউনিয়নাধীন ১-৯ নং ওয়ার্ডের কৃষকের মাঝে কৃষি সরঞ্জামাদি সরবরাহ করার জন্য উপজেলা কৃষি অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি সভায় জানান যে, রাজিবপুর ইউপি'র দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান কোদালকাটি হাট-বাজারে নতুন বিল্ডিং এর বরাদ্দ হয়েছে, কিন্তু এখন পর্যন্ত কোন প্রকার কাজ শুরু হয় নাই। মার্কেট নির্মাণের কাজটি দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৫) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের কাচা রাস্তায় মাটি ভরাট ও সংস্কার করা দরকার। অত্র ইউনিয়নে ০৫(পাঁচ) জন গ্রাম পুলিশ জরুরী নিয়োগ দেয়ার জন্য অনুরোধ জানান। মোহনগঞ্জ ইউপি টু কাউনিয়ার চর জিসি রোডের মাঝে (নয়াচর ফাজিল মাদ্রাসার পার্শ্বে) এডিপি প্রকল্পের মাধ্যমে রাস্তা পাকা করা প্রয়োজন। ৭নং ওয়ার্ডের কলকিহারা গ্রামের খালের উপর একটি ব্রীজ নির্মাণ করা প্রয়োজন।<br>মোহনগঞ্জ আদর্শ কলেজ হতে দক্ষিণ দিকে জামালপুর সীমান্ত পর্যন্ত রাস্তাটিতে মাটি ভরাট করে পাকা করা প্রয়োজন। নয়াচর হাট হতে দক্ষিণ দিকে সানন্দবাড়ী পর্যন্ত রাস্তাটি সংস্কার করা প্রয়োজন।<br>তিনি আরও জানান ৮নং ওয়ার্ডে শংকরপুর পাড়া মসজিদ হতে দক্ষিণ দিকে মোল্লার চর ঘাট পর্যন্ত ব্রক্ষপুত্র নদের বামতীর নদীভাঙ্গন হতে রক্ষা করা জরুরী। বড়বেড় পুলিশ ক্যাম্পটির চার পার্শ্বে ওয়াল করা প্রয়োজন। মোহনগঞ্জ ইউনিয়নের ভূমিহীনদের পুনর্বাসন করা জরুরী। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ (৬) | রাজিবপুর থানা | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা সভায় জানান রাজিবপুর থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। | পুলিশ টহল বৃদ্ধিসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, রাজিবপুর থানা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | ঢুষমারা থানা | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা সভায় উপস্থিত না থাকায় ঢুষমারা থানার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | অফিসার ইনচার্জ, ঢুষমারা থানা |
| ১৮ (৮) | নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৯) | হিসাবরক্ষণ অফিস | উপজেলা হিসাবরক্ষণ অফিসার সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১০) | আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ইউপি নির্বাচনে ডিউটি আনসারদের পোষাক বিতরণের সময় দেখা যায় যে, ষ্টোর রুম অনুপযোগি হওয়ায় অর্ধেকের বেশি পোষাক নষ্ট হয়ে গেছে। এহেন অবস্থায় একটি ভালো রুম আনসার ও ভিডিপি অফিসের জন্য বরাদ্দ প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | পরিসংখ্যান-ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১২) | পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প |
| ১৮(১৩) | দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলতি মাসে সদস্য ভর্তি ১৬ জন, সঞ্চয় আদায় ৪.২০ লক্ষ টাকা, ঋণ বিতরণ ২৯.৩৫ লক্ষ টাকা, ঋণ আদায় ৩২.৬৫ লক্ষ টাকা। আদায় হার ৯৫%। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৪) | তথ্য আপা ঃ (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। সুবিধা বঞ্চিত নারীদের নিয়ে উঠান বৈঠক ও প্রাথমিক স্বাস্থ্য সেবা চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৫) | পল্লী বিদ্যুৎ সমিতি | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি'র প্রতিনিধি সভায় জানান যে, রৌমারী জোনাল অফিসের আওতাভূক্ত সকল কাজ ঠিকমত চলিতেছে। নতুন সংযোগ কাজ চলমান আছে। আশ্রয়ণ কেন্দ্রে লাইন চালুসহ সংযোগ প্রদান করা হইয়াছে। অফগ্রীড এলাকায় মোহনগঞ্জ ও কোদালকাটি ইউনিয়নের লাইন চালুসহ সংযোগ চালু করা হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| ১৮(১৬) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা) | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা সভায় উপস্থিত না থাকায় আইসিটি শাখা সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি শাখা'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, চর রাজিবপুর |
| ১৮(১৭) | বিজিবি | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিওপি সভায় জানান যে, সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক। তিনি আরও জানান দায়িত্বপুর্ণ এলাকা মেইন পিলার-১০৭১ হতে মেইন পিলার-১০৭৩ পর্যন্ত। অত্র এলাকা কম চোরাচালান প্রবণ এলাকা। চলতি মাসে ২,৭৬,৫০০/- টাকার ইয়াবা ও গরু | সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সার্বক্ষণিক টহল বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কোম্পানী কমান্ডার, বালিয়ামারী বিজিবি, চর রাজিবপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উদ্ধার করা হয়েছে। পার্শ্ববর্তী আলগার চর কিছু মাদক ও গরু পাচারকারী ছাড়া অত্র একাকা মোটামুটি ভাল। চোরাচালান প্রতিরোধ ২৪ ঘন্টা টহল অব্যাহত রয়েছে। | | |
| ১৮(১৮) | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য সভায় উপস্থিত না থাকায় তার বক্তব্য সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হল না। | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য'কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮(১৯) | মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |
| ১৮(২০) | ভাইস চেয়ারম্যান | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, স্বচ্ছতা বজায় রেখে উপজেলা পর্যায়ে প্রতিটি দপ্তরের কাজ সঠিকভাবে করতে হবে। তিনি আও জানান মোহনগঞ্জ ইউনিয়নে একজন বিসিআইসি সার ডিলার নিয়োগ করা প্রয়োজন। | স্বচ্ছতা এবং জবাবহিদিতা মূলক কাজ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, চর রাজিবপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর |

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ১নং রাজিবপুর ইউনিয়ন পরিষদের মহল্লাদার-এর শুন্য পদে জনবল নিয়োগের ২০/০২/২০২২ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক প্রাপ্ত আবেদনগুলো গত ০৬/০৩/২০২২ তারিখে নিয়োগ কমিটি কর্তৃক যাচাই-বাছাই এবং ০৮/০৩/২০২২ তারিখে শারীরিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ শেষে নিয়োগ/বাছাই কমিটির চুড়ান্ত সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত ০৮/০৩/২০২২ তারিখের নিয়োগ/বাছাই কমিটির চুড়ান্ত সভায় কমিটি কর্তৃক মূল্যায়ন শেষে শ্রী সংকর বাবু, পিতা-শ্রী মহিত লাল, মাতা-শ্রী সন্দা রানী, গ্রাম-টাঙ্গালিয়া পাড়া, ডাকঘর ও উপজেলা-চর রাজিবপুর, জেলা-কুড়িগ্রাম'কে ১নং রাজিবপুর ইউনিয়ন পরিষদের মহল্লাদার-এর শুন্য পদে নিয়োগের জন্য চুড়ান্তভাবে সুপারিশ করা হয়েছে।

উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সভায় আরও জানান যে, বিধি মোতাবেক স্বচ্ছতা বজায় রেখে সকল দপ্তরের কাজ সম্পাদন করতে হবে। তিনি আরও জানান উপজেলা পরিষদের বাসাবাড়ী মেরামত করা প্রয়োজন। হাট-বাজার উন্নয়ন ও হাট-বাজার রক্ষণাবেক্ষণ খাত হতে রাজিবপুর বাজারের বিভিন্ন গোলির রাস্তা আরসিসি করণ ও মেরামত এবং ড্রেন সংস্কার করা প্রয়োজন। উপজেলা পরিষদের গেইট নির্মাণ করা প্রয়োজন। উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুরকে অনুরোধ করেন।

সভায় আর কোন-আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আকবর হোসেন হিরো)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২
ই-মেইল ঃ chairmanUZPrajibpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২২-১৫১

তারিখ ঃ ০২ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (উপজেলা শাখা), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৭। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
৮। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
৯। অফিস কপি।

(অমিত চক্রবর্তী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম